রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

১৫ আগস্ট, ২০১৭ স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব সরফুদ্দীন আহমেদ (প্রতিমন্ত্রী)
মেয়র
রংপুর সিটি কর্পোরেশন।

সভার তারিখ ও বার ঃ ০৬/০৮/২০১৭ইং তারিখ রোজ রবিবার, সকাল ঃ ১১:৩০ ঘটিকা
সভার স্থান ঃ সভা কক্ষ, রংপুর সিটি কর্পোরেশন।
উপস্থিতি ঃ সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"।

সভার প্রারম্ভে সভাপতি কাউন্সিলরবৃন্দ ও অন্যান্য সকল কর্মকর্তা / কর্মচারীকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে এবং জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে সভার কাজ শুরু করেন। পরবর্তীতে তিনি প্রধান নির্বাহী কর্মকর্তাকে সভার আলোচ্য সূচী অনুযায়ী আলোচনা শুরু করার জন্য অনুরোধ জানান। প্রধান নির্বাহী কর্মকর্তা সভার শুরুতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারবর্গের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং সভায় উপস্থিত সকল সদস্যকে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালনের জন্য অনুরোধ করেন। উপস্থিত সকল সদস্য দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করেন। তিনি জাতীয় শোক দিবসে সরকারি ও জেলা পর্যায়ে গৃহিত কর্মসূচীসমূহ সকলকে পাঠ করে শুনান। বিস্তারিত আলোচনান্তে উপস্থিত সদস্যগণের বক্তব্য ও পরামর্শক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

কর্মসূচী

ক্রমিক নং	তারিখ ও সময়	কর্মসূচী	স্থান	বাস্তবায়নে
১	১৫ আগস্ট, ২০১৭ সূর্যোদয়ের সাথে সাথে	জাতীয় পতাকা অর্ধনমিত করণ ও কালো পতাকা উত্তোলন।	রংপুর সিটি কর্পোরেশন কার্যালয়	প্যানেল মেয়র - ১ ও সচিব
২	১৩ আগস্ট, ২০১৭ সকাল ১১:০০টা	চিত্রাংকন প্রতিযোগিতা।	রংপুর সিটি কর্পোরেশনের হলরুম চতুর্থ তলা	জনাব মোঃ মশিউর রহমান খান শিক্ষা ও সাংস্কৃতিক কর্মকর্তা রংপুর সিটি কর্পোরেশন।
৩	১৪ আগস্ট, ২০১৭ সন্ধ্যা ৭:০০টা	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত প্রামাণ্য চিত্র প্রদর্শন	পায়রা চত্বর	জনাব মোঃ গোলজার রহমান আদর সহকারী জনসংযোগ কর্মকর্তা রংপুর সিটি কর্পোরেশন।
৪	১৫ আগস্ট, ২০১৭ সকাল ০৭:০০টা	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দিনব্যাপী ভাষণ প্রচার ও পত্রিকায় শোক বাণী প্রচার।	পায়রা চত্বর	জনাব মোঃ গোলজার রহমান আদর সহকারী জনসংযোগ কর্মকর্তা রংপুর সিটি কর্পোরেশন।
৫	১৫ আগস্ট, ২০১৭ সকাল ৯:৩০টা	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পণ।	ডি'সির মোড়স্থ বঙ্গবন্ধু ম্যুরাল	মেয়র, রংপুর সিটি কর্পোরেশনের নেতৃত্বে সকল কাউন্সিলর, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।
৬	১৫ আগস্ট, ২০১৭ সকাল ১০:০০টা	নীরবতা পালন ও শোক র‍্যালী।	ডি'সির মোড়স্থ বঙ্গবন্ধু ম্যুরাল	মেয়র, রংপুর সিটি কর্পোরেশনের নেতৃত্বে সকল কাউন্সিলর, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

৭	১৫ আগস্ট র‌্যালী শেষে	আলোচনা সভা, মিলাদ ও দোয়া মাহফিল এবং তবারক বিতরণ	রংপুর সিটি কর্পোরেশনের হলরুম চতুর্থ তলা	সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ সেকেন্দার আলী জনাব মোঃ মাহাবুবার রহমান মঞ্জু

এছাড়া কর্মসূচীসমূহ যথাযোগ্য মর্যাদার সাথে পালনের লক্ষ্যে নিম্নোক্তভাবে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

১। প্যানেল মেয়র-১, সম্মানিত কাউন্সিলরবৃন্দকে গৃহীত কর্মসূচীতে উপস্থিতির বিষয়টি নিশ্চিত করবেন।
২। সচিব, রংপুর সিটি কর্পোরেশন সকল কর্মকর্তা, সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা / কর্মচারীকে গৃহীত কর্মসূচীতে অংশগ্রহণ নিশ্চিত করবেন।
৩। প্রয়োজনীয় ব্যানার তৈরী - সহকারী জনসংযোগ কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৪। কালো ব্যাজ তৈরী ও বিতরণ - উপ প্রধান রাজস্ব কর্মকর্তা (জনাব মোঃ আসাদুজ্জামান নিক্সন ও জনাব তন্ময় কুমার) রংপুর সিটি কর্পোরেশন।
৫। পুষ্পমাল্য প্রস্তুত - প্রশাসনিক কর্মকর্তা - ১, রংপুর সিটি কর্পোরেশন।
৬। হলরুম প্রস্তুত (ইমাম, মাইক) - প্রশাসনিক কর্মকর্তা - ২, (মোঃ মিরাজুল ইসলাম খান), রংপুর সিটি কর্পোরেশন।
৭। ডিসি'র মোড়স্থ বঙ্গবন্ধুর ম্যুরালে প্রয়োজনীয় বিদ্যুতের ব্যবস্থা করবেন- উপ-সহকারী প্রকৌশলী জনাব নূর মোহাম্মদ মহিউদ্দিন রংপুর সিটি কর্পোরেশন।
৮। পরিস্কার পরিচ্ছন্নতা (বঙ্গবন্ধু ম্যুরাল, জিলা স্কুল মাঠ, কেন্দ্রীয় শহীদ মিনার চত্বর, সিটি কর্পোরেশন অফিস চত্বর) জনাব মোঃ মিজানুর রহমান মিজু, শাখা প্রধান, কঞ্জারভেন্সী শাখা, রংপুর সিটি কর্পোরেশন।
৯। সার্বিক ব্যবস্থাপনা তদারকি করবেন - সচিব, রংপুর সিটি কর্পোরেশন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ১৫ আগস্ট, ২০১৭ জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনে সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সরফুদ্দীন আহমেদ (প্রতিমন্ত্রী)
মেয়র
রংপুর সিটি কর্পোরেশন।
ফোন ঃ ০৫২১-৬৪৯৪২
ফ্যাক্সঃ ০৫২১-৫৫৯৭০
ই-মেইল- mayor@ rpcc.gov.bd

স্মারক নং- ৪৬.১৮.০০০০.১০১. 02.002.17-7927 তারিখ ঃ ২৩ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ / ০৭ আগস্ট ২০১৭ খ্রিষ্টাব্দ

অনুলিপি ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, রংপুর।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৪। সম্মানিত কাউন্সিলরবৃন্দ, রংপুর সিটি কর্পোরেশন।
৫। সচিব, রংপুর সিটি কর্পোরেশন।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর সিটি কর্পোরেশন।
৭। মাননীয় মেয়র মহোদয়ের একান্ত সচিব (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য) রংপুর সিটি কর্পোরেশন।
৮। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, রংপুর সিটি কর্পোরেশন।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
১০। নির্বাহী প্রকৌশলী, রংপুর সিটি কর্পোরেশন।
১১। মেডিকেল অফিসার, রংপুর সিটি কর্পোরেশন।
১২। নগর পরিকল্পনাবিদ, রংপুর সিটি কর্পোরেশন।
১৩। বস্তি উন্নয়ন কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
১৪। প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশন (নোটিশের বিষয়বস্তু Web site এ Upload এবং ম্যাসেজ আকারে সদস্যদের অবহিত করার জন্য বলা হলো)।
১৫। সহকারী প্রকৌশলী, পানি সরবরাহ শাখা, রংপুর সিটি কর্পোরেশন।
১৬। সহকারী জনসংযোগ কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন (সভার যাবতীয় প্রস্তুতিসহ উপস্থিত থাকার জন্য বলা হলো)
১৭। ....রংপুর সিটি কর্পোরেশন।
১৮। শাখা প্রধান (সকল) রংপুর সিটি কর্পোরেশন।
১৯। অফিস নথি

সরফুদ্দীন আহমেদ (প্রতিমন্ত্রী)
মেয়র
রংপুর সিটি কর্পোরেশন।
ফোন ঃ ০৫২১-৬৪৯৪২
ফ্যাক্সঃ ০৫২১-৫৫৯৭০
ই-মেইল- mayor@ rpcc.gov.bd